# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৩৩

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ জারীর বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু ইসলামের শেষ দিকে সূরা আল মায়িদা অবতীর্ণ হওয়ার পর ইসলাম গ্রহণ করেছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ جَرِيرَ بْنَ عَبْدِ اللَّهِ كَانَ إِسْلَامُهُ فِي آخِرِ الْإِسْلَامِ بَعْدَ نُزُولِ سورة المائدة

---

আরবী

1333 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا يَعْقُوبُ الدَّوْرَقِيُّ حَدَّثَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْأَعْمَشِ قَالَ: سَمِعْتُ إِبْرَاهِيمَ يُحَدِّثُ عَنْ هَمَّامِ بْنِ الْحَارِثِ النَّخَعِيِّ قَالَ: رَأَيْتُ جَرِيرَ بْنَ عَبْدِ اللَّهِ بَالَ ثُمَّ تَوَضَّأَ وَمَسَحَ عَلَى خُفَّيْهِ ثُمَّ قَامَ فَصَلَّى فسُئِل عَنْ ذَلِكَ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَنَعَ مِثْلَ هَذَا قَالَ إِبْرَاهِيمُ: كَانَ هَذَا يُعْجِبُهُمْ لِأَنَّ جَرِيرًا كَانَ فِي آخِرِ من أسلم.
الراوي : هَمَّام بْن الْحَارِثِ عَنْ جَرِيرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1333 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৩৩. হাম্মাম বিন হারিস বলেন, আমি জারীর বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুকে দেখেছি, তিনি পেশাব করে তারপর ওযূ করেছেন এবং মোজার উপর মাসেহ করেছেন তারপর দাঁড়িয়ে সালাত আদায় করেছেন।” তারপর তাকে এই ব্যাপারে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এরকম করতে দেখেছি।”

ইবরাহিম রহিমাহুল্লাহ বলেন, “এই ব্যাপারটি লোকদের কাছে খুবই চমকপ্রদ ছিল। কেননা জারীর বিন আব্দুল্লাহ যারা শেষ দিকে ইসলাম গ্রহণ করেছেন, তাদের অন্তর্ভূক্ত ছিলেন।” [1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৫৭; হুমাইদী: ৭৯৭; আত তায়ালিসী: ১/৫৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৬; মুসনাদ আহমাদ: ৪/৩৫৮; সহীহ আল বুখারী: ৩৮৭; সহীহ মুসলিম: ২৭২; নাসাঈ: ১/৮১; তিরমিযী: ৯৩; ইবনু মাজাহ: ৫৪৩; আবূ আওয়ানা: ১/২৫৪; দারাকুতনী: ১/১৯৩; তাবারানী আল কাবীর: ২৪৩১; আবূ দাঊদ: ১৪৫; সুনান বাইহাকী: ১/২৭০; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/৯৯/১৩৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাম্মাম ইবনু হারিস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90647

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন